

৪ ইঞ্জিনিয়ারিং কলেজ নিয়ে ঢাবিতে চালু হচ্ছে প্রযুক্তি ইউনিট

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রথমবারের মত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে চারটি অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজে ৪-বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ২০১৫ সালের উচ্চ মাধ্যমিকের বিজ্ঞান শাখায় কিংবা সমমানের শিক্ষার্থীরা 'প্রযুক্তি ইউনিট' নামে নতুন এই ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। সংশ্লিষ্টরা মনে করেন, শিক্ষার্থীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, উদ্যোক্তা শ্রেণি তৈরি, নেতৃত্ব নির্মাণ এবং গবেষণা প্রবণতা বৃদ্ধির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন এবং প্রকৌশল, প্রযুক্তি ও টেক্সটাইল সেক্টরে সার্বিক উন্নয়নে এই ইউনিট অবদান রাখবে।

অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ হলো- ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (আসন-১২০), ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (আসন-১২০), সাতারের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং পৃষ্ঠা ২ কলাম ৩

৪ ইঞ্জিনিয়ারিং কলেজ

২০ পৃষ্ঠার পর

এন্ড রিসার্চ (নিটার) (আসন-২১০) এবং রাজধানীর মোহাম্মদপুরের শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (আসন-৮০)। এ চারটি প্রতিষ্ঠানে ২০১৫-২০১৬ বর্ষে মোট ৫৩০জন শিক্ষার্থী ভর্তি করা হবে।

গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ইউনিটের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং-এর ভর্তি প্রক্রিয়ার কার্যক্রম অনলাইনে উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, এর মাধ্যমে বাংলাদেশের প্রযুক্তি শিক্ষার ক্ষেত্রে শিক্ষার সার্বিক গুণগত মান বৃদ্ধি পাবে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হিসাবে বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি ইনস্টিটিউটগুলোর শিক্ষা ব্যবস্থাপনায় গতিশীলতা আসবে।

তিনি বলেন, 'ক', 'খ', 'গ' এবং 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা সরাসরি বিশ্ববিদ্যালয়ে মূল বিষয়গুলোতে ভর্তি হতে পারেন কিন্তু অধিভুক্ত সরকারি/বেসরকারি কলেজসমূহে ভর্তির জন্য আলাদা ভর্তি পরীক্ষা নেয়া হয়। ভর্তি পরীক্ষার মেধাক্রম অনুযায়ী 'প্রযুক্তি ইউনিটে' শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন বলে তিনি জানান।

এসময় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম বলেন, গত মাসের ১৮ তারিখ ডিনস কমিটিতে 'প্রযুক্তি ইউনিট' নামে একটি নতুন ইউনিট খোলার সিদ্ধান্ত নেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে এই প্রতিষ্ঠানসমূহে একাডেমিক কার্যক্রম পরিচালিত হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদসূত্রে জানা গেছে, অনলাইনে ভর্তি প্রক্রিয়া শেষ হবে আগামী ২৫ নভেম্বর। আবেদন ফিস ৫শ টাকা। ভর্তি পরীক্ষা আগামী ১২ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এমসিকিউ পদ্ধতিতে এ পরীক্ষায় ১২০টি প্রশ্নের জন্য মোট নম্বর থাকবে ১২০। ২ ঘণ্টার এ পরীক্ষার পাসের নম্বর ৪৮। যারা ৪৮ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। তবে ভুল উত্তরের জন্য কোনো প্রকার নম্বর কাটা যাবে না। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইটে (<http://admission.eis.du.ac.bd>) ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তির নির্দেশিকা পাওয়া যাবে।

জানা যায়, প্রাথমিক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-৬য়ের যোগফল ন্যূনতম ৬ হতে হবে। এই ইউনিটে ভর্তির যোগ্যপ্রার্থীরা ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ এবং ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ৪ বছর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ও বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং পড়তে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফি এবং নিটার ও শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ফি লাগবে প্রায় ৪লাখ টাকা।